



Heritage-Sensitive Intellectual Property  
and Marketing Strategies

**patachitra**

**ART  
CODE**



**Treating Patachitra artists fairly:**

**Code of Ethics and Practical Guidelines for  
galleries, event organisers, museums, publishers  
and the media**

পটচিত্র শিল্পীদের ন্যায্য অধিকার :  
গ্যালারি, অনুষ্ঠান আয়োজক, মিউজিয়াম, প্রকাশক এবং  
গণমাধ্যমের জন্য, নীতিগত নিয়মাবলী ও ব্যবহারিক নির্দেশিকা

This is a copy of the 2019 calendar published for the Apex Club of Bally. The Apex Club of Bally is an NGO that works with the aged and elderly on health and welfare issues. The calendar features a number of Patachitra images painted by Patuas from Pingla village in West Midnapore. The images were gathered from an exhibition put together for the Apex Club to celebrate the talents of the Patachitra artists and their traditions.

বালির অ্যাপেক্স ক্লাব প্রকাশিত ২০১৯ সালের এই ক্যালেন্ডারটিতে পশ্চিম মেদিনীপুরের পিংলার পটুয়াদের (পটচিত্র শিল্পী) আঁকা কিছু পটচিত্র রয়েছে। বালি অ্যাপেক্স ক্লাব একটি এনজিও যারা প্রবীণ ও বৃদ্ধদের স্বাস্থ্য ও কল্যাণমূলক বিষয় নিয়ে কাজ করেন। পটচিত্র শিল্পীদের প্রতিভা এবং তাঁদের ঐতিহ্যকে সম্মান জানাতে ক্লাব আয়োজিত একটি প্রদর্শনী থেকে ছবিগুলি সংগ্রহ করা হয়েছে।



Photo Courtesy- banglanatak dot com

Apex Club of Bally 2019 calendar. Image reproduced with kind permission of Suman Chitrakar

বালির অ্যাপেক্স ক্লাবের ২০১৯ সালের ক্যালেন্ডার। সূমন চিত্রকরের অনুমতিতে নেওয়া

The image on the left-hand side was painted by Suman Chitrakar from Pingla. This is also reproduced on the page of the calendar which gives information about the paintings and artists, shown in the image on the right-hand side. Suman's name and his photograph appear next to his painting. Suman is delighted that the Apex Club chose to showcase Patachitra created by artists from Pingla for their 2019 calendar. However, neither he nor his fellow artists were asked for permission to reproduce their paintings in this way. In other words, the publisher of the calendar and the Apex Club reproduced the paintings without his, or his fellow artists' permission.

ক্যালেন্ডারে ব্যবহৃত একটি ছবি (উপরে বাঁদিকে) পিংলার সূমন চিত্রকরের আঁকা। সূমনের নাম এবং ফোটো তাঁর ছবির পাশে দেওয়া হয়েছে। তাঁর কাজকে স্বীকৃতি দেওয়া হয়েছে। অ্যাপেক্স ক্লাব তাদের ২০১৯ সালের এই ক্যালেন্ডারে পিংলার শিল্পীদের স্বীকৃতি দিয়েছে জেনে সূমন আনন্দিত।

পটুয়া সম্প্রদায় তাঁদের শিল্প সম্পর্কে জ্ঞানের প্রসার ও তথ্য জানানোর উদ্যোগকে স্বাগত জানায়, তাঁদের ঐতিহ্যটিকে সুস্থায়ী করতে এটা একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। যদিও এভাবে তাঁদের পটচিত্রগুলি ব্যবহার করার ব্যাপারে সুমন এবং তাঁর সহশিল্পীদের কাছ থেকে কোনো অনুমতি নেওয়া হয়নি। অন্যভাবে বলতে গেলে অ্যাপেঙ্ক ক্লাব পটচিত্রগুলি ব্যবহার করেছে সুমন ও তাঁর সহশিল্পীদের অনুমতি ছাড়াই।

Laws in India (on copyright, image rights and performers rights) give Patuas the right to stop people from copying their paintings and recording their songs and distributing copies of these without their permission or acknowledgement. However, these laws can be difficult to understand and enforce, and many unethical practices continue.

So, the Patuas developed this Code with the HIPAMS team to explain what their rights are, and how they would like to interact with other stakeholders, such as galleries, event organisers, museums and publishers.

The Code seeks to develop a mutually beneficial relationship between the Patachitra community and the individuals and organisations, including galleries, event organisers, museums, publishers and the media who make their work and information about their work available to others. The Patachitra Code will be distributed among these groups generally, and each time that the Patuas interact with one of these groups for a particular project or event, the organisers will be given a copy of this Code. The aim is that respect will be shown for the Patachitra community and their intangible heritage, and that they will be given acknowledgement and remuneration to ensure that their heritage continues into the future.

ভারতের আইন (কপিরাইট, ইমেজ রাইটস এবং পারফর্মারস রাইটস বিষয়ক) পটুয়াদের চিত্রকলা এবং গান তাঁদের অনুমতি ছাড়া মানুষকে নকল এবং তা বিতরণ বন্ধ করার অধিকার দিয়েছে। শিল্পী এবং যারা তাঁদের কাজ ব্যবহার করতে চান, উভয় পক্ষেরই এই আইনগুলি বোঝা এবং কার্যকর করা অসুবিধাজনক হতে পারে। তাই শিল্পীদের এবং যারা তাঁদের কাজগুলিকে ব্যবহার করে তাঁদের সাহায্য করার জন্য আইনি অধিকারগুলিকে বুঝতে পটুয়ারা হিপামস টিমের সহায়তায় এই নিয়মাবলী বা আর্ট কোড তৈরি করেছে। গ্যালারি, অনুষ্ঠান আয়োজক, মিউজিয়াম এবং প্রকাশকদের মতো অন্যান্য অংশীদারদের সঙ্গে আলোচনায় কীভাবে তাঁরা এগোবে এতে তা ব্যাখ্যা করা হয়েছে।

এই আর্ট কোডের মাধ্যমে পটুয়া সম্প্রদায়, ব্যক্তি, সংগঠনগুলির মধ্যে এমন একটা সম্পর্ক গড়ে তুলতে চাওয়া হয়েছে, যাতে যারা তাঁদের তথ্য ও কাজগুলি মানুষের কাছে পৌঁছে দেন সেইসব গ্যালারি, অনুষ্ঠান আয়োজক, মিউজিয়াম এবং প্রকাশকরা সবাই পারস্পরিকভাবে উপকৃত হবেন। আর্ট কোডটি সাধারণভাবে এই গোষ্ঠীগুলির মধ্যেই বিতরণ করা হবে এবং যখনই পটুয়ারা এই গোষ্ঠীগুলির সঙ্গে কোনো প্রকল্প বা অনুষ্ঠান নিয়ে আলোচনায় বসবেন তখন সংগঠকদের নিয়মাবলীর একটা কপি দেওয়া হবে। পটুয়া সম্প্রদায় এবং তাঁদের পরস্পরাগত ঐতিহ্যকে সম্মান জানানো, তাঁদের উপযুক্ত স্বীকৃতি এবং সাম্মানিক প্রদান এবং ঐতিহ্যটির ভবিষ্যৎ নিশ্চিত করাই এই আর্ট কোডের লক্ষ্য।

## Patachitra Art Code

We, the Patuas of India, produce beautiful, meaningful Patachitra art as part of a tradition of storytelling and performance that stretches back over hundreds of years. Patachitra in West Bengal and Odisha have been recognised as Indian handicraft through Craftmark. These art forms have also been granted Geographical Indications, protecting use of the names Bengal Patachitra and Odisha Patachitra.

### However:

1. Some of our art is copied by others without permission or attribution (that is, saying who made it).
2. Some art is sold as Bengal/ Odisha Patachitra, but it does not come from tradition bearers.
3. Some of our artists do not get paid fairly for our work.

### What we would like:

1. We would like to keep making Patachitra art now and in the future according to our traditions.
2. We would like to keep composing songs for storytelling on diverse themes.
3. We would like people to know about and respect our tradition of Patachitra.
4. We would like to make sure that people who buy our art know where it comes from.
5. We would like others not to copy our art unless we give them permission to do so.
6. We would like to be paid fairly for our art.
7. We would like to be identified as the author of our work.
8. We would like to have share of benefits from any use of our art .
9. We would like to be treated with respect.

**People who buy and use our art in homes, shops, galleries, festivals, events and museums can help us by:**


1. Respecting and understanding our art and tradition
2. Telling people where the art comes from and who the artist is
3. Telling people about the meaning and value of our art as part of our cultural heritage

**Scroll explaining intellectual property rights of artists created by Swarna Chitrakar  
Photo courtesy- banglanatak dot com.**

শিল্পীদের বৌদ্ধিক সম্পত্তির অধিকার বিষয়ে স্বর্ণ চিত্রকরের আঁকা পট।







4. Not copying or allowing copying of our art unless we give permission to do so
5. Understanding, respecting and explaining to others the use of the Geographical Indication on our products.

**People who do research, report for the media, organise festivals or make films and television programmes involving Patachitra can help us by:**

1. Treating us with respect
2. Respecting the heritage of Patachitra
3. Telling people about the meaning and value of our Patachitra heritage
4. Consulting and involving us in projects about our lives and work
5. Paying us fairly for our art and performances
6. Acknowledging our contributions to Puja Pandals, murals and other works in public places
7. Attributing us and acknowledging our contributions in books, films and other products they create.

## পটচিত্র আর্ট কোড

গল্প বলা ও উপস্থাপনার কয়েক শতাব্দী প্রাচীন ঐতিহ্যের অংশ হিসেবে আমরা সুন্দর ও অর্থবহ পটচিত্র তৈরি করি। ভারতীয় হস্তশিল্পের ঐতিহ্য হিসেবে পশ্চিমবঙ্গ এবং ওড়িশার পটচিত্র ট্রাফটমার্ক স্বীকৃতি পেয়েছে। এই পরম্পরা সুরক্ষিত করার জন্য পশ্চিমবঙ্গ এবং ওড়িশার পটচিত্রকে জি আই (জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন/ ভৌগোলিক চিহ্ন) স্বীকৃতি দেওয়া হয়েছে।

### যদিও :

১. আমাদের কিছু শিল্প বিনা অনুমতিতে অথবা কোনো স্বীকৃতি না দিয়ে অন্যরা কপি করে (স্বীকৃতির অর্থ মূল ছবিটি কে বা কারা এঁকেছেন তা জানানো)।
২. পশ্চিমবঙ্গ/ওড়িশার পটচিত্র হিসেবে এমন কিছু জিনিস বিক্রি হয় যেগুলি ঐতিহ্যবাহী শিল্পীদের তৈরি নয়।
৩. আমাদের অনেক শিল্পী কাজের উপযুক্ত মূল্য পান না।

**Scroll explaining the Geographical Indication for Patachitra art, created by Manaranjan (Manu) Chitrakar. Photo courtesy- banglanatak dot com.**

পটচিত্রের জি আই বিষয়ে মনোরঞ্জন চিত্রকরের আঁকা পট।

## আমরা যা চাইঃ

১. আমরা এখন এবং ভবিষ্যতে পরস্পরা মেনে পটচিত্র আঁকা চালিয়ে যেতে চাই।
২. আমরা বিভিন্ন বিষয়ে গল্প বলার জন্য গান তৈরি করা চালিয়ে যেতে চাই।
৩. আমরা চাই মানুষ আমাদের পটচিত্রের ঐতিহ্যকে জানুন ও শিল্পীদের সম্মান করুন।
৪. আমরা চাই যারা আমাদের শিল্প কেনেন তাঁরা জানুন এটা কোথায় তৈরি হয়।
৫. আমরা চাই আমাদের অনুমতি ছাড়া কেউ যেন আমাদের শিল্পকর্ম নকল না করেন।
৬. আমরা আমাদের শিল্পকর্মের ভালো দাম পেতে চাই।
৭. আমরা নিজেদের কাজের স্রষ্টা হিসেবে চিহ্নিত হতে চাই।
৮. আমরা আমাদের শিল্পকর্মের যে কোনো ব্যবহার থেকে উপকৃত হতে চাই।
৯. আমরা সম্মানজনক ব্যবহার পেতে চাই।

যে মানুষরা আমাদের শিল্প কেনেন এবং বাড়ি, দোকান, গ্যালারি, মিউজিয়ামে ব্যবহার করেন তারা এভাবে আমাদের সহায়তা করতে পারেন :

১. আমাদের শিল্প ও ঐতিহ্যটিকে বুঝে
২. কোথা থেকে শিল্পটি এসেছে এবং কারা এই শিল্পী তা মানুষকে জানিয়ে
৩. একটি সাংস্কৃতিক ঐতিহ্যের অংশ হিসেবে আমাদের শিল্পের অর্থ বা ভাব এবং এটা কেন মূল্যবান সেই কথা মানুষকে জানিয়ে
৪. অনুমতি ছাড়া আমাদের শিল্প নকল না করে এবং কাউকে তা করতে বারণ করে
৫. আমাদের পণ্যে ভৌগোলিক চিহ্ন বা জি আই ব্যবহারের কথা নিজেরা বুঝে ও অন্যদের বুঝিয়ে এবং তার প্রতি সম্মান জানিয়ে।

যারা গবেষক, সাংবাদিক অথবা চলচ্চিত্র ও টিভি অনুষ্ঠানের সঙ্গে যুক্ত তারা আমাদের এভাবে সাহায্য করতে পারেন :

১. আমাদের সঙ্গে ভালো ব্যবহার করে
২. পটচিত্রের ঐতিহ্যকে সম্মান জানিয়ে
৩. আমাদের পটচিত্র ঐতিহ্যের মর্ম ও অর্থের কথা মানুষকে জানিয়ে
৪. আমাদের জীবন ও কাজ সংক্রান্ত প্রকল্পের সঙ্গে আমাদের যুক্ত করে ও পরামর্শ নিয়ে
৫. আমাদের শিল্প ও অনুষ্ঠানের উপযুক্ত পারিশ্রমিক দিয়ে
৬. দেওয়ালচিত্র হিসেবে অথবা পুজো প্যান্ডেলে আমাদের কাজের স্বীকৃতি দিয়ে
৭. বই, সিনেমা ও অন্যান্য পণ্যে আমাদের দক্ষতার ব্যবহার ও অবদানের স্বীকৃতি দিয়ে।

## Annex: Foundational principles

### These have been adapted from the UNESCO Intangible Heritage Convention's Ethical Principles (2015)

1. Intangible cultural heritage is practised and transmitted in accordance with the principles of human rights, respect for the environment and mutual respect between people.
2. Communities (including groups and, where applicable, individuals) decide what their intangible cultural heritage is, and its meaning and value.
3. Communities play the main role in safeguarding their own intangible cultural heritage, and should be supported appropriately in doing so.
4. Mutual respect for communities and their intangible cultural heritage should guide all activities for intangible cultural heritage safeguarding.
5. Safeguarding activities should be undertaken with the participation, and free, prior and informed consent of the communities concerned.
6. Communities should be involved through collaboration, dialogue, negotiation and consultation in safeguarding their intangible cultural heritage.
7. Community requirements for secrecy and privacy in regard to their intangible cultural heritage should be respected.
8. Communities should have continued access to the instruments, objects, artefacts, cultural and natural spaces and places of memory they need for expressing their intangible cultural heritage.
9. Communities should be recognised and attributed appropriately for works based on their intangible cultural heritage, and protected from decontextualization, commodification and misrepresentation, according to their needs.
10. Communities should benefit from the moral and material interests resulting from their intangible cultural heritage, including when it is used and adapted by members of the communities or others.
11. Communities should be able to share fairly in the benefits from safeguarding, practising and transmitting their intangible cultural heritage.

# ঐতিহ্যবাহী পরম্পরার নৈতিক ভিত্তি সংক্রান্ত বুনিয়াদী নীতি

এটি ইউনেস্কোর ইনস্টিটিউট অফ ইন্টারন্যাশনাল হেরিটেজ কনভেনশনের নৈতিক নীতি (২০১৫) অনুসারে তৈরি হয়েছে।

১. ঐতিহ্যগত সাংস্কৃতিক পরম্পরাগুলির অনুশীলন ও সম্প্রচার হয় মানবাধিকার, পরিবেশ এবং মানুষের মধ্যে পারস্পরিক শ্রদ্ধার নীতি মেনে।
২. জনসম্প্রদায় (গোষ্ঠী এবং, যেখানে প্রযোজ্য, ব্যক্তি সহ) তাদের সাংস্কৃতিক ঐতিহ্যগুলি কী, এবং তার মর্ম ও মূল্যের ব্যাপারে সিদ্ধান্ত নেবে।
৩. নিজেদের ঐতিহ্যগত সাংস্কৃতিক পরম্পরাগুলিকে রক্ষা করার ব্যাপারে জনসম্প্রদায় মূল ভূমিকা নেবে এবং তা করতে তাদের উপযুক্তভাবে সাহায্য করা উচিত।
৪. জনসম্প্রদায়গুলি ও তাদের ঐতিহ্যগত সাংস্কৃতিক পরম্পরার প্রতি পারস্পরিক সম্মান বজায় রেখে ঐতিহ্যের সুরক্ষা করতে হবে।
৫. এগুলি রক্ষা করার কাজ হওয়া উচিত অংশগ্রহণমূলক, খোলামেলা এবং আগে থেকেই সংশ্লিষ্ট জনসম্প্রদায়গুলির সম্মতি নিয়ে।
৬. ঐতিহ্যগত সাংস্কৃতিক পরম্পরাগুলিকে সুরক্ষার কাজে জনসম্প্রদায়গুলির সহযোগিতা, সংলাপ, আলোচনা ও পরামর্শের মধ্যে দিয়ে এগোনো উচিত।
৭. নিজেদের ঐতিহ্যগত সাংস্কৃতিক পরম্পরাগুলিকে নিয়ে কাজ করার সময় সেগুলির গোপনীয়তা ও সূক্ষ্মতা বজায় রেখেই জনসম্প্রদায়কে এগোতে হবে।
৮. নিজেদের ঐতিহ্যগত সাংস্কৃতিক পরম্পরাগুলিকে তুলে ধরার জন্য জনসম্প্রদায়কে নিয়মিতভাবে কাজের উপকরণ বা সরঞ্জাম, প্রাকৃতিক সম্পদ এবং স্মৃতিবিজড়িত স্থানগুলিকে তাদের প্রয়োজন অনুযায়ী ব্যবহার করা উচিত।
৯. জনসম্প্রদায়গুলিকে তাদের পরম্পরাগত সাংস্কৃতিক ঐতিহ্য ও গুণের ভিত্তিতে উপযুক্তভাবে স্বীকৃতি দেওয়া উচিত এবং তাকে অপ্রাসঙ্গিক, বাজারসর্বস্ব করে তোলা, ভুলভাবে উপস্থাপিত করা ইত্যাদির বিরুদ্ধে প্রয়োজনীয় সতর্কতা নেওয়া উচিত।
১০. নৈতিক ও বস্তুগত স্বার্থেই জনসম্প্রদায়গুলির তাদের ঐতিহ্যগত সাংস্কৃতিক পরম্পরাগুলি থেকে উপকৃত হওয়া উচিত, বিশেষ করে যখন তা সেই সম্প্রদায়ের মানুষ ও অন্যান্যরা ব্যবহার করে বা তাঁদের জীবনের অঙ্গ করে নেয়।
১১. নিজেদের ঐতিহ্যবাহী সাংস্কৃতিক পরম্পরাগুলি সুরক্ষিত করা, ব্যবহার করা এবং ছড়িয়ে দেওয়ার মাধ্যমে জনসম্প্রদায়গুলি উপকৃত হলে সেটা তাদের সমানভাবে ভাগ করে নেওয়া উচিত।

This Art Code is developed in the HIPAMS research project by Coventry University and Contact Base (banglanatak dot com) funded by the British Academy's Sustainable Development Programme, supported under the UK Government's Global Challenges Research Fund 2018-2021.

[www.hipamsindia.org](http://www.hipamsindia.org)

[www.bengalpatachitra.com](http://www.bengalpatachitra.com)

